# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
## পুরকৌশল বিভাগ

# M.Sc. / M.Engg. in Civil Engg. Program
## Postgraduate Admission Test Schedule (April 2026 Semester)

তারিখ: ২৮/০৯/২০২৬

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগে **M.Sc. / M.Engg. in Civil Engg. Program (পোস্ট গ্রাজুয়েট, এপ্রিল ২০২৬ সেমিস্টার)** ভর্তির জন্য আবেদনকারী সকল প্রার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী **০৩ অক্টোবর, ২০২৬** তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় সকল আবেদনকারী অংশগ্রহণ করতে পারবেন।

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী **০৬ অক্টোবর, ২০২৬** তারিখে অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য Eligible Candidates List বুয়েট ওয়েবসাইটে (buet.ac.bd) এবং পুরকৌশল বিভাগের ওয়েবসাইটে (ce.buet.ac.bd) আগামী **০৫ অক্টোবর, ২০২৬** তারিখে প্রকাশ করা হবে।

**ভর্তি পরীক্ষার বিস্তারিত সময়সূচী নিম্নরূপঃ**

| M.Sc. / M.Engg. in Civil Engg. Program | Examination Center<br>Location Map QR Code |
|---|---|
| M.Sc. Engg./ M. Engg. (Civil & Environmental),<br>M.Sc. Engg./ M. Engg. (Civil & Geotechnical),<br>M.Sc. Engg./ M. Engg. (Civil & Structural),<br>M.Sc. Engg./ M. Engg. (Civil & Transportation),<br>M.Sc. Engg./ M. Engg. (Environmental) | |
| লিখিত পরীক্ষার তারিখ : **০৩ অক্টোবর, ২০২৬ (শনিবার)**<br>লিখিত পরীক্ষার সময় : সকাল ১০.০০ ঘটিকা<br>স্থান: দ্বিতীয় ও তৃতীয় তলার রুমসমূহ, ড. জামিলুর রেজা চৌধুরী সিভিল ইঞ্জিনিয়ারিং ভবন, বুয়েট মেইন ক্যাম্পাস, ঢাকা-১০০০।<br>**** seat allocation ওয়েবসাইটে নোটিশের মাধ্যমে জানানো হবে।*** | মৌখিক পরীক্ষার তারিখ : **০৬ অক্টোবর, ২০২৬ (মঙ্গলবার)**<br>মৌখিক পরীক্ষার সময় : সকাল ১০.০০ ঘটিকা<br>স্থান: দ্বিতীয় ও তৃতীয় তলার রুমসমূহ, ড. জামিলুর রেজা চৌধুরী সিভিল ইঞ্জিনিয়ারিং ভবন, বুয়েট মেইন ক্যাম্পাস, ঢাকা-১০০০। |

**লিখিত পরীক্ষার জন্য নির্দেশাবলী ঃ**

১. পরীক্ষায় প্রশ্নপত্রের ধরন হবে নৈর্ব্যক্তিক (MCQ), ৬০টি প্রশ্ন থাকবে তন্মধ্যে ২০ টি Basic Engineering এবং ৪০টি Division Specific Question, পরীক্ষার জন্য নির্ধারিত সময়: ৬০ মিনিট।

২. যে সকল আবেদনকারী একাধিক Division –এ ভর্তির জন্য আবেদন করেছেন তাদেরকে সে সকল Division সমূহের জন্য পৃথক পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। এ ধরনের পরীক্ষার্থীদের পরীক্ষার হল ত্যাগ না করে, নির্ধারিত একই আসনে ক্রমান্বয়ে বাকী পরীক্ষাসমূহে অংশগ্রহণ করতে হবে।

৩. পরীক্ষার্থীদের অবশ্যই পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে নির্ধারিত স্থানে আসন গ্রহণ করতে হবে।

৪. মোবাইল ফোন, স্মার্ট ওয়াচ ও কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।

৫. পরীক্ষায় জ্যামিতি বক্স, পেন্সিল বক্স, স্কেল, সেট স্কয়্যার, কম্পাস, এবং কোন প্রকার তথ্য সংরক্ষণ ও তথ্য আদান-প্রদান কাজে ব্যবহারযোগ্য ইলেকট্রনিক ডিভাইস ব্যবহার করা যাবেনা। "ভর্তি পরীক্ষার তথ্যাবলী" তে উল্লেখিত ক্যালকুলেটর ছাড়া অন্য কোন মডেলের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৬. দরখাস্তের ক্রমিক নম্বর লেখার নির্ধারিত স্থান ছাড়া উত্তরপত্র অথবা প্রশ্নপত্রের অন্য কোন স্থানে নাম, ক্রমিক নম্বর অথবা অন্য কোন পরিচয় চিহ্ন কিংবা আপত্তিকর কোন কিছু লেখা থাকলে ভর্তি পরীক্ষা বাতিল বলে বিবেচিত হবে।

৭. পরীক্ষায় কোন প্রকার অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার্থীকে কক্ষ থেকে বহিষ্কার করা হবে এবং তার ভর্তি পরীক্ষা বাতিল হয়ে যাবে।

৮. তদারককারী বা অন্য কারো সাথে দুর্ব্যবহার করলে বা ভীতি প্রদর্শন করলে পরীক্ষার্থীকে পরীক্ষার কক্ষ থেকে বহিষ্কার করা হবে এবং তার ভর্তি পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

৯. পরীক্ষার হলে খাবার পানি সরবরাহ করা হবে না। পরীক্ষার্থীরা নিজস্ব পানি (সর্বোচ্চ ৫০০ মিলি মাপের স্বচ্ছ প্লাস্টিক বোতলে) বহন করতে পারবেন।

**মৌখিক পরীক্ষার জন্য নির্দেশাবলী ঃ**

১. মৌখিক পরীক্ষা শুরু হওয়ার কমপক্ষে ১৫ মিনিট পূর্বেই পরীক্ষার স্থানে উপস্থিত থাকতে হবে।

২. মৌখিক পরীক্ষায় প্রার্থীদের নিম্নোক্ত ডকুমেন্টসমূহের মূলকপি অবশ্যই সঙ্গে আনতে হবে। অনলাইন আবেদনে কোন প্রার্থী উক্ত ডকুমেন্টসমূহ সঠিকভাবে জমা প্রদান না করলে অথবা কোন ডকুমেন্ট Missing থাকলে পরীক্ষকের নিকট এক সেট Missing ডকুমেন্টের ফটোকপিও জমা প্রদান করতে হবে। **মৌখিক পরীক্ষার দিন নিম্নোক্ত ডকুমেন্টসমূহের মূল কপি উপস্থাপনে ব্যর্থ হলে উক্ত প্রার্থী পরীক্ষার জন্য অবিবেচ্য হবেন।**

   ক) সকল পরীক্ষার একাডেমিক সার্টিফিকেট [M.Sc. (if applicable), B.Sc., H.S.C/Equivalent, S.S.C/Equivalent]

   খ) সকল পরীক্ষার একাডেমিক মার্কশীট/ট্রান্সক্রীপ্ট [M.Sc. (if applicable), B.Sc., H.S.C/Equivalent, S.S.C/Equivalent]

   গ) সর্বশেষ অধ্যয়নকৃত ইনস্টিটিউশনের টেস্টিমোনিয়াল

   ঘ) আবেদনপত্রের নির্ধারিত ফরমে Letter of Consent (চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)

৩. B.Sc. in Civil Engineering ডিগ্রী এবং বুয়েট হইতে B.Sc. in Water Resource Engineering ডিগ্রী ব্যতীত অন্যান্য Engineering ডিগ্রীধারী আবেদনকারীগণ M.Sc. Engg./M. Engg. (Civil & Environmental) –এ ভর্তির জন্য বিবেচিত হবেন না।

৪. বিশেষ কারনবশতঃ পরীক্ষার সময়সূচীতে কোন পরিবর্তন হলে তা বুয়েট ওয়েবসাইটে (https://www.buet.ac.bd) এবং পুরকৌশল বিভাগের ওয়েবসাইটে (https://ce.buet.ac.bd) প্রকাশ করা হবে।

৫. ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিষয়ে পুরকৌশল বিভাগের সংশ্লিষ্ট ভর্তি কমিটি চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা রাখে।

**ড. ইশতিয়াক আহমেদ**
অধ্যাপক ও বিভাগীয় প্রধান
এবং চেয়ারম্যান, পোস্ট গ্রাজুয়েট ভর্তি কমিটি এপ্রিল ২০২৬
পুরকৌশল বিভাগ, বুয়েট, ঢাকা-১০০০।

Department of Civil Engineering
BUET, Dhaka-1000, Bangladesh